

**কুড়ি বছরের  
স্বর্ণপদক  
বিতরণ**

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

পড়াশোনায় অসামান্য কৃতিত্ব এবং গবেষণায় বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে গত কুড়ি বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যেসব ছাত্র ও শিক্ষকের নামে বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ট্রাষ্ট ও ফাউন্ডেশনের পক্ষ থেকে স্বর্ণপদক ঘোষিত হয়েছিল গতকাল বৃহস্পতিবার সেসব স্বর্ণপদক বিতরণ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক আব্দুল মান্নান গতকাল সকালে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে পদকগুলো বিতরণ করেন। মোট ৬১ জনকে পদক দেয়া হয়, যার মধ্যে ছাত্র হিসেবে ৪০ জন এবং শিক্ষক হিসেবে ২১ জন সেগুলো পেয়েছেন।

পদকদাতা ট্রাষ্ট ও ফাউন্ডেশনগুলোর প্রতিনিধিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। প্রদত্ত স্বর্ণপদকগুলোর মধ্যে রয়েছে চ্যান্সেলরের স্বর্ণপদক, ইব্রাহিম স্বর্ণপদক, হরিপ্রসন্ন রায় স্বর্ণপদক, সৈয়দা আখতারুন্নেসা স্বর্ণপদক, ফজলুর রহমান স্বর্ণপদক, আঃ রব চৌধুরী স্বর্ণপদক, সালেহুন্নেসা স্বর্ণপদক, নুরুন্নেসা খানম বিদ্যাবিনোদিনী স্বর্ণপদক, বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ স্বর্ণপদক, কে, ডি, এইচ ল্যাবরেটরীজ স্বর্ণপদক, (শেষ পৃ: ৪-এর ক: ৫:)

**কুড়ি বছরের স্বর্ণপদক**

(১ম পাতার পর)

স্বয়ার ফার্মাসিউটিক্যালস স্বর্ণপদক, বদরুন্নেসা স্বর্ণপদক, ঢাকা বিশ্ববিদ্যালয় পুরস্কার, এটকো স্বর্ণপদক এবং আইবিএ স্বর্ণপদক। অনুষ্ঠানে পদক প্রাপ্তদের ১৮ জন অনুপস্থিত ছিলেন, যার মধ্যে ১১ জনের পদক তাদের প্রতিনিধিরা গ্রহণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় পুরস্কার গত বছর থেকে ছাত্রদের জন্য চালু করা হয়েছে। ওই বছরের জন্য সাংস্কৃতিক ক্ষেত্রে অবদানের জন্য লিয়াকত আলী লাকী, সাহিত্যে লুৎফর রহমান রিটন এবং চারুকলায় সুলতানুল ইসলাম পুরস্কৃত হয়েছেন। পুরস্কারের মূল্যমান একটি করে স্বর্ণপদক ও সার্টিফিকেট।

পদক বিতরণ অনুষ্ঠানে ভাষণ দেয়ার সময় ভারপ্রাপ্ত উপাচার্য বলেন, বিগত দুই দশকে একটি 'বিশেষ সমাবর্তন' ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে আর কোন সমাবর্তন অনুষ্ঠান না হওয়ায় এই পদকগুলো এতদিন বিতরণ করা সম্ভব হয়নি। উচ্চশিক্ষা, গবেষণা ও শিক্ষকতার কাজকে উৎসাহ দেয়ার লক্ষ্যে পদকসহ অন্যান্য কৃতি ও পুরস্কার দেয়া হয় বলে তিনি উল্লেখ করেন।

অধ্যাপক মান্নান বলেন, আজকের বাংলাদেশের সামাজিক রাজনৈতিক ইতিহাস বস্তুতপক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়েরই নেতৃত্বের ইতিহাস।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক মান বৃদ্ধিতে ফাউন্ডেশন ও ট্রাষ্ট ফাউন্ডেশনের বিশেষ অবদানের কথা উল্লেখ করে ভারপ্রাপ্ত উপাচার্য দেশের বিস্তারিত শিক্ষানুরাগী সমাজকে নতুন নতুন ট্রাষ্ট ও ফাউন্ডেশন গঠনে এগিয়ে আসার আহ্বান জানান। শিক্ষাক্ষেত্রে দানের জন্য গঠিত ফাউন্ডেশন সকল ধরনের ফাউন্ডেশনের হার নতুন করে নির্ধারণ

এবং সোনার দ্রুত মূল্যবৃদ্ধি ও টাকার বারংবার অবমূল্যায়নের ক্ষেত্রে এর আগ্রাসী নেতিবাচক প্রভাব থেকে দানের ভিত্তিতে গঠিত এই তহবিলগুলো রক্ষার জন্য বিশেষ সংরক্ষণমূলক ব্যবস্থা চালু করার জন্যও তিনি ব্যাংক ব্যবস্থাপনার নীতি নির্ধারকদের প্রতি আবেদন জানান।